

নমুনা প্রশ্ন

একাদশ শ্রেণি

দ্বিতীয় সেমেস্টার

পূর্ণমান- ৪০

১। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও। (যে কোনও ১টি) [১×৩ = ৩]

১.১ মিশানাও দ্বীপ কোথায় অবস্থিত? এখান থেকে রায়বাহাদুর কত টাকার বিনিময়ে, কী সংগ্রহ করেছিলেন

১.২ রংলাল কত টাকায় মোষদু'টি কিনেছিল? তাদের নাম কী কী ছিল?

১.৩ লাল দরিয়ার মধ্যে মাঝরাতে জাহাজের ডেকে শুয়ে গল্পের কথক বিস্মিত হয়েছিলেন কেন? বিস্ময় ভাঙার পরের ঘটনার সংক্ষিপ্ত বিবরণ দাও।

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও। (যেকোনো ১টি) [১×৩ = ৩]

২. ১ 'রাজ-সরকার রেখেছেন মান'— কোন প্রসঙ্গে এই কথা বলা হয়েছে? এই পঙ্ক্তিটির অল্পরনিহিত অর্থ লেখো।

২.২ গঙ্গার তীরে চিতাকাঠ কীভাবে এবং কেন ডাকে?

২.৩ 'কর্মের' সঙ্গে 'ঘর্মের' সম্পর্ক কেমন, তা সংক্ষেপে লেখো।

৩। নীচের প্রশ্নের নিজের ভাষায় উত্তর দাও। (যে কোনও ১টি) [৫×১]

৩.১ 'হাড় ওরা পেয়েছে, কেবল মস্ত পাওয়াটাই বাকী।'--- প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটির ব্যাখ্যা করো। (৫)

৩.২ গল্প অনুসারে কালাপাহাড়ের রূপ বর্ণনা করো। কালাপাহাড়ের সঙ্গে তার মালিকের সম্পর্ক বিষয়ে তোমার মতামত জানাও। (২+৩)

৩.৩ করীম মুহম্মদের কাহিনি সংক্ষেপে বর্ণনা করো। এই আখ্যানের 'নোনামিঠা'-নামকরণের সার্থকতা বুঝিয়ে দাও। (৩+২)

৪। নীচের প্রশ্নের নিজের ভাষায় উত্তর দাও। (যে কোনও ১টি) [৫×১]

৪.১ 'অমর কাব্য তোমরা লিখিও'— প্রসঙ্গ উল্লেখ করো। কবি কেমন কবিতা লিখতে চান নিজের ভাষায় লেখো।

৪.২ 'যেতে পারি কিন্তু কেন যাব' কবিতায় একাকী যেতে চাইছেন না কেন তা কবিতা অনুসরণে লেখো

৪.৩ 'বেকারিটা মানুষের একারই' মানুষ ছাড়া বাকিদের যে বেকারি নেই, তা প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

৫। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (৫+৪)

৫.১ চলিত ভাষায় লেখো: আমি আপনাকে যে অশ্ব দিয়াছি, উহা আমার অশ্ব অপেক্ষা কোনো অংশেই হীন নহে; যদি উহা দ্রুত বেগে গমন করিতে পারে, তাহা হইলে আমাদের উভয়ের প্রাণরক্ষার সম্ভাবনা।

৫.২ অশুদ্ধি থাকলে শুদ্ধ করে লেখো: শশীভূষণ, মুহূর্ত, প্রতিযোগীতা, ব্যকরণ, ভৌগলিক

৬। নীচের যে কোনও ১টি প্রশ্নের উত্তর দাও। (৫×১ = ৫)

ক. অতিবৃষ্টি ও জলাধার থেকে মাত্রাতিরিক্ত জল ছাড়ার কারণে দক্ষিণবঙ্গে উদ্ভূত বন্যা পরিস্থিতির বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

অথবা

খ. ডেঙ্গি-ম্যালেরিয়ার মতো মশাবাহিত অসুখের প্রকোপ কমাতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আর্জি জানিয়ে স্থানীয় পৌর প্রধানকে একটি চিঠি লেখো।

৭। নীচের যে কোনও একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো। (১০×১=১০)

ক. সর্বস্তরের শিক্ষাব্যবস্থায় পাঠ্যক্রমে পরিবেশ সচেতনতার পাঠ থাকার প্রয়োজনীয়তা

খ. এ. আই বা কৃত্রিম মেধা: আশীর্বাদ না অভিশাপ?

গ. আধুনিক সময়ে সোশ্যাল মিডিয়া বা সামাজিক মাধ্যমের গুরুত্ব

ঘ. তোমায় টাইম মেশিন বা সময়যানে একবার ভ্রমণের সুযোগ দেওয়া হলে তুমি অতীত বা ভবিষ্যতের কোন সময়ে, কেন যেতে চাইবে সবিস্তারে লেখো।